

লটারিতে ২২ কোটি রুপি জিতে মাঝ আকাশেই ইস্তফা

- A Monitor Desk Report

Date: 17 April, 2025



ঢাকাঃ মাঝ-আকাশেই পেলেন সুখবর। অনলাইন লটারিতে প্রায় ২২ কোটি রুপি জেতেন এক নারী উড়োজাহাজ কর্মী। তখনই তিনি চাকরি থেকে ইস্তফা দেন। আর্থিক সমস্যায় জর্জরিত হয়ে মাত্র ৫০০ রুপির বাজি ধরে একটি অনলাইন লটারি কিনেছিলেন।

উড়োজাহাজ উড়ানের সময় রুটিনমাসিক কাজ করতে করতে তার ফোনে লটারি জেতার খবর আসে। একসঙ্গে এতো অর্থ জিতে আনন্দে আত্মহারা হয়ে যান তরুণী। সঙ্গে সঙ্গে উড়োজাহাজ সেবিকার চাকরি ছেড়ে দেওয়ার কথা ঘোষণা করেন তিনি।

সংবাদমাধ্যম জানিয়েছে, ওই তরুণীর নাম প্রিয়া শর্মা। ইনস্টাগ্রামে তিনি ‘ক্যাসিনো ডেজ’ নামে একটি অনলাইন লটারির সংস্থার বিজ্ঞাপন দেখে আকৃষ্ট হন। প্রিয়া একটি ক্যাসিনোয় ৫০০ রুপি বিনিয়োগ করে ২২ কোটি টাকা জিতেছেন বলে জানা যায়।

‘ক্যাসিনো এক্সপোজড’-এর রিপোর্ট অনুসারে, ‘ক্যাসিনো ডেজ’ প্ল্যাটফর্মটি সীমিত সময়ের জন্য একটি অফার চালু করছিল। সেখানে বলা হয়েছিল ১ লক্ষ রুপি পর্যন্ত জমার উপর দেড়শো শতাংশ বোনাস দেওয়া হবে।

প্রিয়া সংবাদমাধ্যমে বলেন, আমি সাধারণত এই ধরনের কাজ করি না, কিন্তু আমার মনে হয়েছিল, মাত্র ৫০০ টাকা খরচ করলে কোনও ক্ষতি হবে না। আর এখন আমি এতে অনুতপ্ত নই। আমি খুব খুশি।

একটি জনপ্রিয় ‘স্লট গেম’ খেলে কপাল খুলে যায় তার। তার অনলাইন অ্যাকাউন্ট ব্যালেন্স দ্রুত ১ লক্ষ রুপি থেকে ১০ লক্ষ রুপিতে পরিণত হয় এবং শেষ পর্যন্ত প্রিয়া ২১ কোটি ৮৩ লক্ষ রুপি জিতে যান বলে খবর। প্রথমে বিশাল অঙ্কের লটারি জেতার কথা বিশ্বাস করতে পারেননি তরুণী। পরে লটারি সংস্থার সঙ্গে কথা বলে নিশ্চিত হন তিনি। কোটি টাকার লাভের বিষয়টি নিশ্চিত হয়ে উড়োজাহাজ ওড়ার পর পরই প্রিয়া কেবিন ইন্টারকমটি তুলে নেন এবং ঘোষণা করেন যে তিনি এই চাকরি ছাড়ছেন। এই ঘোষণায় যাত্রীরা হাততালি দিয়ে প্রিয়াকে অভিবাদন জানান।

